# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায়: বাংলাদেশ থেকে হজের সফর : প্রয়োজনীয় দিকনির্দেশনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জেদ্দা বিমান বন্দরে

- জেদ্দা বিমান বন্দরে বিমান থেকে নামার পর জেদ্দা হজ টার্মিনালে নেয়া হবে। সেখানে বিশ্রাম কক্ষে অপেক্ষা করবেন। বিশ্রাম কক্ষ থেকে বহির্গমন বিভাগে গিয়ে পাসপোর্টে সিলমোহর লাগাতে হবে। এখানে আপনাকে লাইন বেঁধে বসতে হবে।
- পাসপোর্টে সিল লাগানো হলে আপনার ব্যাগ সংগ্রহ করবেন। ব্যাগ মেশিনে স্ক্যান করিয়ে মূল বিল্ডিং থেকে বের হয়ে যাবেন। বের হওয়ার গেটেই ট্রান্সপোর্ট কর্তৃপক্ষ আপনার কাছ থেকে ব্যাগ নিয়ে নেবে, যা আপনি জায়গা মতো পেয়ে যাবেন।
- একটু সামনে এগুলে কিছু অফিসার দেখতে পাবেন। তারা আপনার পাসপোর্টে কিংবা অন্য কোনো কাগজে বাসের টিকিট লাগিয়ে দেবে।

বাংলাদেশের পতাকা টানানো জায়গায় গিয়ে পাসপোর্টে মু'আল্লিমের স্টিকার লাগাবেন। এরপর বাসে ওঠার জন্য লাইন ধরে দাঁড়াবেন। আপনার মাল-সামানা গাড়িতে ওঠানো হল কি-না সে ব্যাপারে নিশ্চিত হয়ে নিন। বাসে ওঠার পর ড্রাইভার হজ যাত্রীদের পাসপোর্ট নিয়ে নেবে এবং মক্কায় পৌঁছে হজ কন্ট্রাক্টর বা মু'আল্লিমের কাছে তা হস্তান্তর করবে। আর যদি মদীনায় পৌঁছেন তবে ড্রাইভার পাসপোর্টটি মদীনার আদিল্লাহ অফিসে জমা দেবেন। পাসপোর্ট জমা হওয়ার পর একটি হ্যাণ্ডবেল্ট দেয়া হবে, যা সবসময় হাতে রাখতে হবে। কোন অবস্থায়ই হারানো যাবে না। ফিরে আসার সময় বিমানবন্দরে পাসপোর্ট ফেরত দেয়া হবে। সে পর্যন্ত এই হ্যাণ্ডবেল্টই পাসপোর্টের কাজ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7480

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন